যুগান্তর

তারিখ 23 JUL 2016
পৃষ্ঠা ১৪ কলাম ২

# বাউবির বিএ বিএসএস পরীক্ষা শুরু

**গাজীপুর প্রতিনিধি**

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) বিএ, বিএসএস পরীক্ষা শুক্রবার থেকে শুরু হয়েছে। সারা দেশে ২১৬টি কেন্দ্রে সেমিস্টারভিত্তিক এ পরীক্ষায় মোট ২ লাখ ৩৬ হাজার ৫৭৪ জন শিক্ষার্থী অংশগ্রহণ করছেন। বাউবির ভারপ্রাপ্ত ভিসি অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন শুক্রবার মোহাম্মদপুর কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় কলেজ পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেছেন। এসময় তার সঙ্গে বিশ্ববিদ্যালয়ের তথ্য ও গণসংযোগ বিভাগের যুগ্ম পরিচালক মো. আবুল কাসেম শিকদার এবং ঢাকার আঞ্চলিক পরিচালক আহম্মেদ সেলিম উপস্থিত ছিলেন। বাউবির পরীক্ষা নিয়ন্ত্রক ড. মো. আসাদুজ্জামান উকিল জানান, এ পরীক্ষা সপ্তাহের শুক্র ও শনিবার সকালে ও বিকালে অনুষ্ঠিত হবে।